

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

সার্কুলার লেটার নং-০২/২০১৫

তারিখ : ১০-০৩-১৪২২ বঙ্গাব্দ
২৪-০৬-২০১৫ খ্রিষ্টাব্দ

বিষয় : সকল ধরনের ব্যক্তিক যোগাযোগের ক্ষেত্রে ভবিষ্য তহবিল সূচক নম্বর উল্লেখ প্রসঙ্গে।


ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের পক্ষ থেকে নিয়ন্ত্রক কার্যালয়সমূহের সাথে সকল ধরনের ব্যক্তিক যোগাযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ভবিষ্য তহবিল সূচক নম্বর উল্লেখ করার বিধান থাকলেও ক্ষেত্রবিশেষে তা পরিপালিত হয় না। এতে যোগাযোগকারী/আবেদনকারীকে সঠিকভাবে সনাক্তকরণসহ দাপ্তরিক সিদ্ধান্ত গ্রহণে নানাবিধ জটিলতার উদ্ভব হয়ে থাকে।

০২। উপর্যুক্ত বিষয়টি বিগত ১৬.০৪.২০১৫ তারিখে অনুষ্ঠিত ব্যাংকের পরিচালনা পর্ষদের ৪৩৫তম সভায় 'বিবিধ' আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত হয়। আলোচনাতে পর্ষদ নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেন :

“ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের সকল ধরনের ব্যক্তিক যোগাযোগের ক্ষেত্রে পিএফ ইনডেক্স নম্বর উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করতে হবে।”

০৩। এমতাবস্থায়, ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের পক্ষ থেকে নিয়ন্ত্রক কার্যালয়সমূহের সাথে সকল ধরনের ব্যক্তিক যোগাযোগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ভবিষ্য তহবিল সূচক নম্বর উল্লেখ করার বিধান যথাযথভাবে পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

আদেশক্রমে-


(এ, আর, মায়ুন)
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৫৬৯১১

বিতরণ:


- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিকেবি।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/সকল উপ-মহাব্যবস্থাপক, অন্যান্য কর্পোরেট শাখা, বিকেবি।
- ০৩। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি।
- ০৫। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি।


নং প্রকা/এইচআরএমডি-২/৩৭(১)/২০১৪-২০১৫/২৬২৯(১২৫০)

তারিখ : ১০-০৩-১৪২২ বঙ্গাব্দ
২৪-০৬-২০১৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/ অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি প্রধান কার্যালয়, ঢাকা (সার্কুলার লেটারখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।




(মো: মিজানুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
ফোন: ৯৫১৪৬৯২